# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

২ নং অরফ্যানেজ রোড,বখশিবাজার, ঢাকা-১২১১।

**website : www.bmeb.gov.bd**

নং বামাশিবো/রিক/আলিম স্বীকৃতি/......................., তারিখঃ / /২০১৬ খ্রিঃ।

## অফিস আদেশ

**শিক্ষা মন্ত্রণালয়ের ১৫-০৬-২০১৬ তারিখের নং ৩৭.০০.০০০০.০৮৫.৮৬.০১৬.১৫-১০৯৪ সংখ্যক স্মারক পত্র মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব আয় হতে শিক্ষক/কর্মচারীগণের বেতন ভাতা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক বহন করা হবে এবং এমপিও দাবী করা হবে না মর্মে মাদরাসা কর্তৃপক্ষ অঙ্গিকারনামা জমা দেয়ায়** রংপুর জেলার বদরগঞ্জ উপজেলাধীন বদরগঞ্জ ওয়ারেছিয়া ইসলামিয়া আলিম মাদরাসার আলিম (সাধারণ বিভাগ) একাডেমিক স্বীকৃতি নির্দেশক্রমে নিম্নোক্ত শর্তে ০১-০৭-২০১৫ তারিখ হতে ৩০-০৬-২০২০ পর্যন্ত ৫ (পাঁচ) বছরের জন্য দেওয়া হল। মাদরাসার **CODE - 16468 ও EIIN -127208**

**পালনীয় শর্তাবলী ঃ**

১. আলিম ১ম বর্ষ প্রাথমিক পাঠদান (সাধারণ বিভাগ) অনুমতি স্থগিত অথবা বাতিল না হওয়া সাপেক্ষে আলিম স্বীকৃতির এ আদেশ জারী করা হলো। কোন ভাবে উক্ত প্রাথমিক পাঠদান অনুমতি স্থগিত বা বাতিল হয়ে থাকলে স্বীকৃতির এ আদেশ স্বয়ংক্রীয় ভাবে বাতিল বলে গণ্য হবে।

২. স্বীকৃতি প্রাপ্তির পর স্বীকৃতি সংক্রান্ত কোন সমস্যার উদ্ভব হলে তাৎক্ষণিকভাবে মাদরাসার স্বীকৃতি প্রত্যাহার করা হবে।

৩. অখন্ড জমির শর্ত পূরণ করতে হবে।

৪. আলিম পরীক্ষায় পরীক্ষার্থীর সংখ্যা এবং পাসের হার নীতিমালা অনুযায়ী হতে হবে। অন্যথায় একাডেমিক স্বীকৃতি বাতিল বলে গণ্য হবে।

৫. প্রত্যেক শ্রেণীতে বিশেষ করে উপরের শ্রেণী সমূহে ছাত্র/ছাত্রী সংখ্যা বৃদ্ধি করতে হবে।

৬. শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, চালুকরণ ও স্বীকৃতি প্রদান সম্পর্কিত শিক্ষা মন্ত্রণালয়ের নীতিমালা এবং শিক্ষক নিবন্ধন আইন মোতাবেক সকল শর্ত পূরণ থাকতে হবে। অন্যথায় এ আদেশ বাতিল বলে গণ্য হবে।

৭. পঞ্চম সমাপনী, জেডিসি, দাখিল ও আলিম চূড়ান্ত পরীক্ষার ফলাফল গুণগত ও সংখ্যাগত দিক দিয়ে সন্তোষজনক হতে হবে।

৮. ছাত্র/ছাত্রীদের জন্য পৃথক পৃথক শৌচাগার নির্মাণ করতে হবে।

৯. জনবল কাঠামোর নীতিমালা ও শিক্ষক নিবন্ধন আইন অনুযায়ী শিক্ষক নিয়োগ করতে/থাকতে হবে।

১০. শিক্ষার্থীদের সমাপনী পরীক্ষায় অংশ গ্রহণ করাতে হবে এবং ফলাফল সন্তোষজনক হতে হবে।

১১. মাদরাসার প্রধান গৃহকে পাকা করতে হবে।

১২. মাদরাসার ক্যাম্পাসে ২৫০/৫০০টি বৃক্ষ রোপন, পরিচর্যা ও সংরক্ষণ করতে হবে।

১৩. পাঠাগারে অন্যূন ২০০০ খানা বই থাকতে হবে।

(মোঃ আবুল বাসার)
মাদরাসা পরিদর্শক
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

অধ্যক্ষ/তত্ত্বাবধায়ক,
বদরগঞ্জ ওয়ারেছিয়া ইসলামিয়া আলিম মাদরাসা
পোঃ বদরগঞ্জ, উপজেলা- বদরগঞ্জ, জেলাঃ রংপুর।

নং বামাশিবো/রিক/আলিম স্বীকৃতি/..............৯৫.../১০ তারিখঃ ২১ / ৯ /২০১৬ খ্রিঃ।

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো।**

১. মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২. পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রনালয়, পলাশি-নীলক্ষেত, ঢাকা।
৩. জেলা প্রশাসক, রংপুর।
৪. রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/ময়মনসিংহ/ রাজশাহী/রংপুর/চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/বরিশাল/ সিলেট অঞ্চল।
৭. জেলা শিক্ষা অফিসার, রংপুর।
৮. উপজেলা নির্বাহী অফিসার, বদরগঞ্জ, রংপুর।
৯. পি. এ. টু- চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. সংরক্ষণ কপি।

(মোঃ হোসেন)
উপ-মাদরাসা পরিদর্শক
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।